

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৭৫

৮. পবিত্ৰতা অৰ্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ ওয়কারীর জন্য বৈধ হলো এক অঞ্জলি পানি দিয়ে একসাথে কুলি করা ও নাকে পানি দেওয়া

ذِكْرُ إِبَاحَةِ الْمَضْمَضَةِ وَالْإسْتِنْشَاقِ بِغَرْفَةٍ وَاحِدَةٍ لِلْمُتَوَضِيِّئ

আরবী

1075 _ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ مُحَمَّدِ بْنِ مُصْعَبِ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ سَعِيدِ الْكِنْدِيُّ قَالَ: حدثنا ابن إدريس عَنِ ابْنِ عَجْلَانَ عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ عَنْ عَطَاءِ بْنِ يسارِ عَنِ ابْنِ عَجْلَانَ عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ عَنْ عَطَاءِ بْنِ يسارِ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: رَأَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَوَضَيَّا فَغَرَفَ غَرْفَةً فَمَضْمَضَ وَاسْتَنْشَقَ ثُمَّ غَرَفَ غَرْفَةً فَغَسَلَ يَدَهُ الْيُمْنَى ثُمَّ غَرَفَ عَرْفَةً فَغَسَلَ رِجْلَهُ الْيُمْنَى ثُمَّ عَرَفَ عَرْفَةً فَغَسَلَ رِجْلَهُ الْيُسْرَى .

الراوي: ابْن عَبَّاسٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1075 | خلاصة حكم المحدث:. حسن.

বাংলা

১০৭৫. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ওয়ু করতে দেখেছি। অতঃপর তিনি এক অঞ্জলি পানি নিয়ে কুলি করলেন এবং নাকে পানি দিলেন। তারপর আরেক অঞ্জলি পানি নিলেন এবং ডান হাত ধৌত করলেন, তারপর আরেক অঞ্জলি পানি নিলেন এবং বাম হাত ধৌত করলেন। তারপর আরেক অঞ্জলি পানি নিলেন এবং মাথা ও কানের ভিতর-বাহির মাসেহ করেন ও দুই অঙ্গুলি কানের ভিতর প্রবেশ করান। তারপর তিনি আরেক অঞ্জলি পানি নিলেন এবং ডান পা ধৌত করলেন। তারপর তিনি আরেক অঞ্জলি পানি নিলেন অতঃপর বাম পা ধৌত করলেন।"[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুয়াইমাহ: ১৪৮; নাসাঈ: ১/৭৪; তিরমিয়ী: ৩৬; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১০।



আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১০৬।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন